

📖 সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০২

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮০. ঘুমানোর পর উযু করা সম্পর্কে।

باب الوُضوءِ مِنَ النَّوْمِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مَعِينٍ، وَهَنَادُ بْنُ السَّرِيِّ، وَعُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، عَنْ عَبْدِ السَّلَامِ بْنِ حَرْبٍ، - وَهَذَا لَفْظُ حَدِيثِ يَحْيَى - عَنْ أَبِي خَالِدٍ الدَّالَانِيِّ، عَنْ قَتَادَةَ، عَنْ أَبِي الْعَالِيَةِ، عَنْ ابْنِ عَبَّاسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَسْجُدُ وَيَنَامُ وَيَنْفُخُ ثُمَّ يَقُومُ فَيُصَلِّي وَلَا يَتَوَضَّأُ. قَالَ فَقُلْتُ لَهُ صَلَّيْتَ وَلَمْ تَتَوَضَّأْ وَقَدْ نِمْتَ فَقَالَ " إِنَّمَا الْوُضُوءُ عَلَى مَنْ نَامَ مُضْطَجِعًا ". زَادَ عُثْمَانُ وَهَنَادُ " فَإِنَّهُ إِذَا اضْطَجَعَ اسْتَرْخَتْ مَفَاصِلُهُ ". قَالَ أَبُو دَاوُدَ قَوْلُهُ " الْوُضُوءُ عَلَى مَنْ نَامَ مُضْطَجِعًا ". هُوَ حَدِيثٌ مُنْكَرٌ لَمْ يَرَوْهُ إِلَّا يَزِيدُ أَبُو خَالِدٍ الدَّالَانِيُّ عَنْ قَتَادَةَ وَرَوَى أَوَّلُهُ جَمَاعَةٌ عَنْ ابْنِ عَبَّاسٍ وَلَمْ يَذْكُرُوا شَيْئًا مِنْ هَذَا وَقَالَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُحْفُوظًا وَقَالَتْ عَائِشَةُ - رَضِيَ اللَّهُ عَنْهَا - قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " تَنَامُ عَيْنَايَ وَلَا يَنَامُ قَلْبِي ". وَقَالَ شُعْبَةُ إِنَّمَا سَمِعَ قَتَادَةَ مِنْ أَبِي الْعَالِيَةِ أَرْبَعَةَ أَحَادِيثَ حَدِيثَ يُونُسَ بْنِ مَتَّى وَحَدِيثَ ابْنِ عُمَرَ فِي الصَّلَاةِ وَحَدِيثَ الْقُضَاةِ ثَلَاثَةً وَحَدِيثَ ابْنِ عَبَّاسٍ حَدَّثَنِي رَجُلٌ مَرْضِيٌّ مِنْهُمْ عُمَرُ وَأَرْضَاهُمْ عِنْدِي عُمَرُ. قَالَ أَبُو دَاوُدَ وَذَكَرْتُ حَدِيثَ يَزِيدَ الدَّالَانِيِّ لِأَحْمَدَ بْنِ حَنْبَلٍ فَانْتَهَرَنِي اسْتِعْظَامًا لَهُ وَقَالَ مَا لِيَزِيدَ الدَّالَانِيِّ يَدْخُلُ عَلَى أَصْحَابِ قَتَادَةَ وَلَمْ يَعْصُ بِالْحَدِيثِ.

حكم : ضعيف (الألباني)

বাংলা

২০২. ইয়াহইয়া ইবনু মুঈন ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদা করতেন (অর্থাৎ সালাত পড়তেন) এবং ঘুম যেতেন এবং নাক ডাকতেন, অতঃপর দাঁড়িয়ে পুনরায় উযু (ওজু/অজু/অযু) করা ব্যতিরেকে সালাত আদায় করতেন। রাবী বলেন, আমি তাকে বলি, আপনি ঘুমানোর পর উযু (ওজু/অজু/অযু) না করে সালাত আদায় করলেন? তিনি বলেন, উযু (ওজু/অজু/অযু) করা ঐ ব্যক্তির জন্য প্রয়োজন, যে আরামের সাথে হেলান দিয়ে ঘুমায়।

উসমান ও হান্নাদের বর্ণনায় আরও আছে যে, “কেননা কেউ পার্শ্বদেশে ভর দিয়ে শয়ন করলে তাঁর দেহের বাধন ঢিলা হয়ে যায়”। আবু দাউদ (রহঃ) বলেন, যে ব্যক্তি পার্শ্বদেশে ভর দিয়ে ঘুমায় তাকে উযু (ওজু/অজু/অযু) করতে হবে” – হাদিসের এই অংশটুকু মুনকার (প্রত্যাখ্যাত)। কাতাদার সুত্রে ইয়াজীদ আদ-দালানী ব্যাতিত অপর কেউ তা বর্ণনা করেনি। কিন্তু হাদিসের প্রথমমাংশ একদল রাবী ইবনু আব্বাস (রাঃ)-এর সুত্রে রিওয়ায়াত করেছেন এবং তারা উপরোক্ত কথার কিছুই উল্লেখ করেননি।

ইবনু আব্বাস (রাঃ) বলেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (অসতর্কতা থেকে) নিরাপদ ছিলেন। আয়িশা (রাঃ) বলেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার এই দুই চোখ ঘুমালেও আমার অন্তর ঘুমায় না। শোবা বলেন, কাতাদা (রহঃ) আবুল আলিয়ার নিকট চারটি হাদিস শুনেঃ ইউনুস ইবনু মাত্তার হাদিস, সালাত সম্পর্কে ইবনু উমার (রাঃ) এর হাদিস, তৃতীয় হাদিস বিচারক তিন শ্রেণীর এবং চতুর্থ ইবনু আব্বাস (রাঃ) এর হাদিস।

English

Narrated Abdullah ibn Abbas:

The Messenger of Allah (ﷺ) used to prostrate and sleep (in prostration) and produce puffing sounds (during sleep). Then he would stand and pray and would not perform ablution. I said to him: you prayed but did not perform ablution though you slept (in prostration). He replied: Ablution is necessary for one who sleeps while he is lying down. Uthman and Hannad added: For when he lies down, his joints are relaxed.

Abu Dawud said: The statement "ablution is necessary for one who sleeps while one is lying down" is a munkar (rejected) tradition. It has been narrated only by Yazid Abu Khalid al-Dalani, on the authority of Qatadah. And its earlier part has been narrated by a group (of narrators) from Ibn 'Abbas; they did not mention anything about it. He (Ibn 'Abbas) said: The Prophet (ﷺ) was protected (during his sleep). 'Aishah reported: The Prophet (ﷺ) said: My eyes sleep, but my heart does not sleep. Shu'bah said: Qatadah heard from Abu'l-'Aliyah only four traditions: the tradition about Jonah son of Matthew, the tradition reported by Ibn 'Umar about prayer, the

tradition stating that the judges are three, and the tradition narrated by Ibn 'Abbas saying: (This tradition) has been narrated to me by reliable persons ; 'Umar is one of them, and the most reliable of them in my opinion is 'Umar. Abu Dawud said: I asked Ahmad b. Hanbal about the tradition narrated by Yazid al-Dalani. He rebuked me out of respect for him. Then he said: Yazid al-Dalani does not add anything to what has been narrated by the teachers of Qatadah. He did not care of this tradition (due to its weakness).

Grade : Da'if (Al-Albani)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=16625>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন